

নম্বর- ০৫.৪৬.৫৮০০.০০৫.১৩.০০১.২৪-২২৮

তারিখ: ২০ চৈত্র ১৪৩০  
০৩ এপ্রিল ২০২৪

**গণ-বিজ্ঞপ্তি**

যেহেতু নির্বাচন কমিশন এতদ্বারা উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৩ অনুযায়ী ০২ এপ্রিল ২০২৪ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন নং ১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৫.২৪.১৪৭ এর মাধ্যমে মৌলভীবাজার জেলার মৌলভীবাজার সদর উপজেলা পরিষদ এর চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদের নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নবর্ণিত সময়সূচি ধার্য করে প্রজ্ঞাপন জারি করেছে:-

রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট অনলাইনে মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	২১ এপ্রিল ২০২৪ ০৮ বৈশাখ ১৪৩১	রবিবার
রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	২৩ এপ্রিল ২০২৪ ১০ বৈশাখ ১৪৩১	মঙ্গলবার
মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	২৪-২৬ এপ্রিল ২০২৪ ১১-১৩ বৈশাখ ১৪৩১	বুধবার-শুক্রবার
আপিল নিষ্পত্তি	:	২৭-২৯ এপ্রিল ২০২৪ ১৪-১৬ বৈশাখ ১৪৩১	শনিবার-সোমবার
প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	৩০ এপ্রিল ২০২৪ ১৭ বৈশাখ ১৪৩১	মঙ্গলবার
প্রতীক বরাদ্দ	:	০২ মে ২০২৪ ১৯ বৈশাখ ১৪৩১	বৃহস্পতিবার
ভোট গ্রহণের তারিখ	:	২১ মে ২০২৪ ০৭ জ্যৈষ্ঠ ১৪৩১	মঙ্গলবার

ভোটগ্রহণের সময়সীমা: সকাল ০৮:০০ টা হতে বিকাল ০৪:০০ টা পর্যন্ত ব্যালট এর মাধ্যমে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে

২। এক্ষেপে, সেহেতু, আমি মোঃ আব্দুস সালাম চৌধুরী, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মৌলভীবাজার ও রিটার্নিং অফিসার, মৌলভীবাজার সদর উপজেলা পরিষদ নির্বাচন, উক্ত বিধিমালার বিধি ১৪ অনুযায়ী এতদ্বারা গণ-বিজ্ঞপ্তি জারি করছি যে, মৌলভীবাজার সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদের নির্বাচনের জন্য মনোনয়নপত্র আগামী ২১ এপ্রিল ২০২৪/০৮ বৈশাখ ১৪৩১ তারিখ বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত অথবা উক্ত দিনের পূর্ববর্তী যে কোন সময় অনলাইনে দাখিল করা যাবে।

৩। উল্লেখ্য যে, অনলাইনে মনোনয়নপত্র দাখিলের ক্ষেত্রে নির্বাচন কমিশনের ওয়েব সাইটে (www.ecs.gov.bd) প্রবেশ করে বাম পাশে ম্যানুবারে 'অনলাইনে মনোনয়নপত্র দাখিল' লিংকে (https://onss.ecs.gov.bd) প্রবেশ করে মনোনয়ন দাখিল করতে হবে।

তারিখ ০ ৩ দিন ০ ৪ মাস ২ ০ ২ ৪ বৎসর

মোঃ আব্দুস সালাম চৌধুরী  
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)

ও  
রিটার্নিং অফিসার  
মৌলভীবাজার সদর উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪  
adcgmoulvibazar@mopa.gov.bd  
২০ চৈত্র ১৪৩০  
তারিখ: ০৩ এপ্রিল ২০২৪

নম্বর ০৫.৪৬.৫৮০০.০০৫.১৩.০০১.২৪-২২৮ (১৬)

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) -

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ৩। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
- ৪। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
- ৫। উপমহাপুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ, সিলেট
- ৬। জেলা প্রশাসক, মৌলভীবাজার
- ৭। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিলেট অঞ্চল, সিলেট
- ৮। পুলিশ সুপার, মৌলভীবাজার
- ৯। জেলা নির্বাচন অফিসার, মৌলভীবাজার
- ১০। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, মৌলভীবাজার সদর, মৌলভীবাজার
- ১১। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, মৌলভীবাজার
- ১২। জেলা তথ্য অফিসার, মৌলভীবাজার (উল্লিখিত নির্বাচনি এলাকায় বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ১৩। উপজেলা নির্বাচন অফিসার, মৌলভীবাজার সদর (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ১৪। অফিসার ইন-চার্জ, মৌলভীবাজার সদর থানা, মৌলভীবাজার
- ১৫। সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, মৌলভীবাজার
- ১৬। প্রতিনিধি, বাংলাদেশ টেলিভিশন/বাংলাদেশ বেতার, মৌলভীবাজার

মোঃ আব্দুস সালাম চৌধুরী  
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)

ও  
রিটার্নিং অফিসার  
মৌলভীবাজার সদর উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪